

জাতীয়

আমি শহরের চীফ ক্লিনার ॥ আনিসুল হক

প্রকাশিত : ০৮ :০৯, ৩ ডিসেম্বর ২০১৫

আমি শহরের চীফ ক্লিনার ॥ আনিসুল হক

বাংলানিউজ ॥ নিজেকে শহরের 'চীফ ক্লিনার' দাবি করেছেন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র আনিসুল হক। বুধবার রাতে রাজধানীর গুলশানের একটি হোটেলে ৩ ডিসেম্বর আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে তিনি এ মন্তব্য করেন। নিজের সম্পর্কে বলতে গিয়ে মেয়র বলেন, নাউ, আই এ্যাম চীফ ক্লিনার অব সিটি। অনুষ্ঠানে তিনি নিজের রাজনৈতিক জীবনের বিভিন্ন অভিজ্ঞতা, সিটি কর্পোরেশন নির্বাচন ও মেয়রের দায়িত্ব পালন করতে গিয়ে বিভিন্ন অভিজ্ঞতা বর্ণনা করেন। এ সময় তিনি রসিকতা করে বলেন, একজন স্ত্রীর কাছে এটা শোনা অসম্ভব যে, তার স্বামী একজন ভাল মানুষ। কিন্তু এই (ঢাকা সিটি কর্পোরেশন) নির্বাচনে আমি দেখেছি আমার স্ত্রী সব জায়গা বলে বেড়িয়েছেন আমার স্বামী একজন ভাল মানুষ। 'ইনক্লুশন ম্যাটার্স : লুকিং টুওয়ার্ডস ২০২১' শীর্ষক প্রতিবন্ধী দিবসের এ অনুষ্ঠানের আয়োজন করে জার্মান সহযোগিতা সংস্থার (জিআইজেড) প্রকল্প ইনক্লুসিভ স্কিলস ডেভেলপমেন্ট (আইএসডি)। জার্মান ফেডারেল মিনিস্ট্রি ফর ইকোনমিক কোঅপারেশন এ্যান্ড ডেভেলপমেন্টের (বিএমজেড) পক্ষে কাজ করে জিআইজেড। দক্ষ প্রতিবন্ধী শ্রমিকদের কর্মশক্তির মূল ধারায় অন্তর্ভুক্ত করতে তৈরি পোশাক শিল্প মালিকদের উদ্বুদ্ধ করতে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। এদিকে, এ অনুষ্ঠানের মাধ্যমে 'চ্যাম্পিয়ন্স অব ইনক্লুশন' সংগঠন যাত্রা শুরু করে। সংগঠনটি তৈরি পোশাক শিল্পে প্রতিবন্ধী ব্যক্তিদের কর্মশক্তির মূল ধারায় অন্তর্ভুক্তিতে কাজ করবে। বিজিএমইএ, বিকেএমইএ, সিডিডি এবং সিআরপিএর সহায়তায় এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম। বক্তব্য রাখেন, বাংলাদেশে নিযুক্ত জার্মান রাষ্ট্রদূত থমাস প্রিনজ, জিআইজেডের কান্ট্রি ডিরেক্টর টবিয়ের বেকার প্রমুখ। এবারের আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবসের প্রতিপাদ্য 'একীভূতকরণ : সক্ষমতার ভিত্তিতে সকল প্রতিবন্ধী মানুষের ক্ষমতায়ন।'